



# আজকের পত্রিকা

আজকের পত্রিকা, ০৬-০৮-২০২৩, পৃ.-০৯



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী 'ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ এই সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশ নেন। সম্মেলনের প্রধান অধিবেশন গত শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ। অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক গিলিয়ান অলিভার। এ ছাড়া স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন, ড. দিলারা বেগম। অনুষ্ঠানে বক্তারা 'মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি'র প্রয়োজনীয়তা তুলে ধরেন। বিজ্ঞপ্তি